

# ১০০ টাকায় শিক্ষা: সহজলভ্য ই-লার্নিং প্ল্যাটফর্মের আনুষ্ঠানিক যাত্রা

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২২:২৫, ২৩ আগস্ট ২০২৫



দেশের প্রতিটি শিক্ষার্থীকে দক্ষতা উন্নয়ন ও আধুনিক শিক্ষার সুযোগ করে দিতে ‘১০০ টাকায় শিক্ষা’ নামের নতুন ই-লার্নিং প্ল্যাটফর্মের যাত্রা শুরু হলো। বৃহস্পতিবার রাজধানীতে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে এ উদ্যোগ উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা জানান, প্রযুক্তিনির্ভর এই প্ল্যাটফর্মে শিক্ষার্থীরা মাত্র ১০০ টাকার বিনিময়ে বিভিন্ন কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। এর মধ্যে রয়েছে চাকরির প্রস্তুতি, ভর্তি পরীক্ষার সহায়তা, দক্ষতা উন্নয়ন, ভাষা শিক্ষা ও পেশাগত প্রশিক্ষণমূলক কোর্স।

‘১০০ টাকায় শিক্ষা’ একটি অবাণিজ্যিক ই-লার্নিং প্ল্যাটফর্ম যেখান থেকে বিভিন্ন বিষয়ে মাত্র ১০০ টাকায় শেখা যাবে। সামাজিক দায়বদ্ধতার ভিত্তিতে শিক্ষা ও সহ-শিক্ষায় ‘সহজ ও সাশ্রয়ী অংশগ্রহণ’ নিশ্চিত করতে ‘১০০ টাকায় শিক্ষা’ উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। শিক্ষায় প্রযুক্তির ব্যাপক ব্যবহার, Distance Learning এর মাধ্যমে মানসম্মত শিক্ষার সুষম বিস্তার, সাশ্রয়ী খরচে মানসম্মত শিক্ষার সুযোগ সৃষ্টি এ উদ্যোগের প্রধান উদ্দেশ্য।

বিভিন্ন বিষয়ের পূর্ণাঙ্গ প্রস্তুতির উদ্দেশ্যে এই প্ল্যাটফর্মে রেকর্ডেড ক্লাস আপলোড করা হয় এবং যারা তা শিখতে চান মাত্র ১০০ টাকা প্রদান করেই শিখতে পারেন।

আমরা এই প্ল্যাটফর্মের মাধ্যমে মূলত সময়োপযোগী এবং শিক্ষার্থীবান্ধব বিষয়ে শেখানোর উদ্যোগ গ্রহণ করেছি। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, দক্ষতা বিষয়ক কোর্স, চাকরি প্রস্তুতি, ভর্তি প্রস্তুতি, জীবনযাপন বিষয়ক শিক্ষা ইত্যাদি।

স্কিলস/দক্ষতাবিষয়কঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)- এর জরিপ অনুযায়ী বাংলাদেশে বেকারে সংখ্যা ২৫ লাখ থেকে ২৭ লাখ। তবে বিশেষজ্ঞদের মতে এ সংখ্যা কোটির কাছাকাছি। প্রধানত যে কারণে বেকারত্বের সৃষ্টি হচ্ছে তার মধ্যে ‘সামঞ্জস্যহীন দক্ষতা’ অন্যতম। তারমানে যে দক্ষতার জনবল প্রয়োজন, সে দক্ষতার প্রয়োজনীয় জনবল পাওয়া যাচ্ছে না। অর্থাৎ কর্মের সুযোগের ধরন বুঝে সংশ্লিষ্ট বিষয়ে দক্ষতা অর্জন করলে দ্রুত কর্মের সুযোগ সৃষ্টি হবে এবং বেকারত্ব পর্যায়ক্রমে হ্রাস পাবে।

‘১০০ টাকায় শিক্ষা’ প্ল্যাটফর্ম থেকে চলমান দক্ষতা বিষয়ক কোর্স করা যাবে খুব সহজে, মাত্র ১০০ টাকায়।

×

চাকরি প্রস্তুতিঃ BBS’এর জরিপ অনুযায়ী শিক্ষিত তরুণদের ৪০% ই বেকার থেকে যাচ্ছে। অর্থাৎ ডিগ্রি অর্জনের চেয়ে চাকরির প্রস্তুতিতেই যেন হেরে যাচ্ছে আমাদের শিক্ষিত তরুণেরা। এমন শিক্ষিত চাকরি প্রার্থীদের চাকরি প্রস্তুতি সহজ করতে ‘১০০ টাকায় শিক্ষা’ দিচ্ছে ১০০ টাকায় চাকরি প্রস্তুতির সুযোগ।

ভর্তি প্রস্তুতিঃ প্রতিবছর HSC পরীক্ষায় কমবেশি ১০ লাখ শিক্ষার্থী পাশ করে। এদের মধ্যে ৭/৮ লাখ শিক্ষার্থী কোন না কোন উচ্চশিক্ষা বিষয়ক প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষায় অংশ নেয়। এ সংখ্যা পাবলিক

বিশ্ববিদ্যালয় গুলোতে সবচেয়ে বেশি। এদের বড় অংশই মফস্বল শহরের এবং তারা ভর্তি প্রস্তুতির জন্য প্রয়োজনীয় ও কার্যকর সুযোগ থেকে বেশ দূরে থাকে। ভর্তি প্রস্তুতিকে সহজ ও সাবলীল করে উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টিতে ‘১০০ টাকায় শিক্ষা’ দিচ্ছে মাত্র ১০০ টাকায় ভার্চুয়াল, মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং এর ভর্তি প্রস্তুতির সুযোগ।

একাডেমিক পড়াশোনাঃ SSC, HSC রেজাল্টের পরপরই সংবাদ মাধ্যমের গুরুত্বপূর্ণ নিউজ হয়েছে ওঠে গণিত কিংবা ইংরেজিতে ফেইল করার বিষয়। এর পেছনে মূলত অনেকগুলো কারণ রয়েছে। দক্ষ শিক্ষকদের এলাকাভিত্তিক অসম বন্টন এর অন্যতম কারণ। ফলে কোনো অঞ্চলের শিক্ষার্থীরা যথাযথ ভাবে শিখতে পারলেও কোনো কোনো অঞ্চলে আবার সেটি সম্ভব হচ্ছে না। এই সমস্যা দূর করতে ‘১০০ টাকায় শিক্ষা’ প্ল্যাটফর্মটি দক্ষ ও অভিজ্ঞদের দ্বারা ক্লাস রেকর্ড করে অনলাইনের মাধ্যমে সকল অঞ্চলে সুষম সুযোগ সৃষ্টি করছে।

‘১০০ টাকায় শিক্ষা’র এমন মহৎ উদ্যোগে ইতোমধ্যেই সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ শিক্ষক, প্রশিক্ষক ব্যক্তিবর্গ যুক্ত হয়েছেন।

‘১০০ টাকায় শিক্ষা’র এমন চ্যারিটেবল উদ্যোগে লক্ষ লক্ষ শিক্ষার্থী উপকৃত হবেন। চাকরি প্রার্থীরা যেমন চাকরির প্রস্তুতি কোর্স বা দক্ষতা বিষয়ে শিখতে পারবেন তেমনি স্কুলে, কলেজ লেভেলের শিক্ষার্থীরাও একাডেমিক পড়াশোনা বা বিশ্ববিদ্যালয় ভর্তি প্রস্তুতি নিতে পারবেন। ‘১০০ টাকায় শিক্ষা’র ওয়েবসাইট [www.100tkedu.org](http://www.100tkedu.org) তে লগইন করে পছন্দকৃত বিষয় বা কোর্সের জন্য স্বয়ংক্রিয় পদ্ধতিতে ১০০ টাকা পেমেন্ট করেই তারা এই সেবা গ্রহণ করতে পারবেন।